

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০২.১৬.

তারিখ: /০২/২০২০খ্রি:

বিষয় : পুনর্ভরণ বিলের চাহিদা বিলম্বে প্রেরণ সংক্রান্ত।

সূত্র : অত্র দপ্তরের স্মারক নং- ১৩.০১.০০০০.০৭৩.২০.০০২.১৬.৭৫(৬৪) তাং- ২৮/০৮/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে সংগ্রহ কার্যক্রম চলাকালীন বা সংগ্রহ কার্যক্রম শেষ হওয়ার পর জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে দ্রুততার সাথে চাহিদাপত্র প্রেরণ করার নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশ প্রদান করা সত্ত্বেও জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ ধান/চাল এবং গম সংগ্রহের মেয়াদ শেষ হওয়ার দীর্ঘদিন পর মাঠ পর্যায় হতে চাহিদা প্রেরণ করছেন। বিশেষ করে গম ক্রয় খাতে অতিরিক্ত বিলম্বে চাহিদা প্রেরণ করা হচ্ছে। সংগ্রহ শেষ হওয়া মাত্রই জেলার সংগ্রহ কার্যক্রম মিলিকরণ/সমন্বয় না করার ফলে পুনর্ভরণ চাহিদা প্রেরণে বিলম্ব হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। বিলম্বে চাহিদা প্রেরণের ফলে অনেক সময় দেখা যায় পুনর্ভরণ বিল তামাদি হয়ে যায়। ফলে পরবর্তীতে হিসাব মিলিকরণে সমস্যার সৃষ্টি হয়।

তাছাড়া, ইতোপূর্বে একাধিকবার আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের মাধ্যমে নির্দেশনা এবং সর্বশেষ সূত্রস্থ স্মারকে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের মাধ্যমে নির্দেশনা থাকা সত্ত্বেও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সরাসরি পুনর্ভরণের চাহিদাপত্র অত্র দপ্তরে প্রেরণ করছেন, যা মোটেও কাম্য নয়। বস্তুত: পুনর্ভরণের চাহিদাপত্র সংগ্রহ কার্যক্রম শেষ হওয়া মাত্রই সমন্বয়পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ উপজেলা ভিত্তিক প্রেরণ করবেন।

সংগ্রহ কার্যক্রম চলাকালীন বা সংগ্রহের পর উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক দ্রুততার সাথে জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে চাহিদা প্রেরণের বিষয়টি জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তদারকি করবেন। অপরদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক দ্রুততার সাথে খাদ্য অধিদপ্তরে চাহিদা প্রেরণের বিষয়টি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তদারকি করবেন।

পরবর্তীতে ধান/চাল এবং গম ক্রয় খাতে বিলম্বে চাহিদা প্রেরণ করা হলে এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সরাসরি পুনর্ভরণের চাহিদাপত্র অত্র দপ্তরে প্রেরণ করলে প্রশাসনিক/বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন বিভাগে প্রেরণ করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

স্বাঃ—

(মোঃ মাহমুদ হাসান)

পরিচালক

ফোনঃ ৯৫৫৬৩০৬

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০২.১৬. ৩৮-৭১(৪৩২)

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে।

তারিখ: ০৭/০২/২০২০খ্রি:

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।

৪। অফিস কপি।

০৭.০২.২০২০
(মোহাম্মদ আমিনুল এহসান)
উপপরিচালক

০৬.০২.২০২০